গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বেসরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-২অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০০৯.২০১৬- ৫২০ তারিখঃ ১৮.১০.২০১৮খ্রিঃ

বিষয়: আগামী ২ নভেম্বর অনুষ্ঠেয় 'জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ২ নভেম্বর ২০১৮ 'জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস' উদযাপন উপলক্ষে একটি প্রস্তুতিমূলক সভা ১৬/১০/২০১৮ সকাল ১০.৩০ ঘটিকায় অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য কার্যবিবরনীটি এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: সভার কার্যবিবরণী

১৮.১০.১৮
(মোঃ সাইফুল্লাহিল আজম)
যুগ্মসচিব
ফোন- ৯৫৪০৯৪৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৫. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
৭. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৯. পরিচালক (প্রশাসন/হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
১১. পরিচালক, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. সিভিল সার্জন, ঢাকা।
১৩. মহাসচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মগবাজার, ঢাকা।
১৪. সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি, সন্ধানী ভবন, ৩৩/২, নীলক্ষেত বাবুপাড়া রোড, ঢাকা।
১৫. সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ, সন্ধানী ভবন, ৩৩/২, নীলক্ষেত বাবুপাড়া রোড, ঢাকা।
১৬. মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি, সন্ধানী ভবন, ৩৩/২, নীলক্ষেত বাবুপাড়া রোড, ঢাকা।
১৭. কোষাধ্যক্ষ, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি, সন্ধানী ভবন, ৩৩/২, নীলক্ষেত বাবুপাড়া রোড, ঢাকা।
১৮. সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় প রিষদ, সন্ধানী ভবন, ৩৩/২, নীলক্ষেত বাবুপাড়া রোড, ঢাকা।
১৯. সমন্বয়, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি, সন্ধানী ভবন, ৩৩/২, নীলক্ষেত বাবুপাড়া রোড, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১.মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৫. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭.যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
www.mohfw.gov.bd

আগামী ২ নভেম্বর অনুষ্ঠেয় 'জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	বাবলু কুমার সাহা অতিরিক্ত সচিব (হাসপাতাল) স্বাস্থ্য সেবা বিভাগ।
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, ভবন নং-০৩, কক্ষ নং-৩৩২, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	:	১৬/১০/২০১৮ খ্রিঃ।
সভার সময়	:	সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) আলোচ্যসূচী সভায় তুলে ধরেন। সভায় নিম্নোক্ত বিষয় সমূহ আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ভেন্যু ও অতিথি নির্বাচন, আমন্ত্রণপত্র বিতরণ, উপস্থাপক/ উপস্থাপিকা ও তেলাওয়াত কারি নির্বাচন	ওসমানী স্মৃতিমিলনায়তনে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রণালয়, অধিনস্থ দপ্তর/সংস্থা, সন্ধানী, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, বাংলাদেশ স্কাউট ও অন্যান্য প্রতিষ্ঠান হতে মোট এক হাজার অতিথিকে আমন্ত্রন জানানো হবে। অতিথি নির্বাচন ও আমন্ত্রণপত্র বিতরণে একটি কমিটি গঠন করতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানে ২৫০ জন স্কাউট সদস্যকে আমন্ত্রণ জানানো হবে। গঠিত কমিটি আমন্ত্রণপত্র বিতরণ এবং অনুষ্ঠানে অতিথি উপস্থিতি নিশ্চিত করবে। সভায় অনুষ্ঠান উপস্থাপনা ও পবিত্র কোরআন তেলাওয়াতকারি নির্ধারণের বিষয়ে আলোচনা হয়।	অতিথি নির্বাচনে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের নেতৃত্বে মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি, মহাসচিব, সন্ধানী কেন্দ্রিয় পরিষদ প্রোগ্রাম ম্যানেজার (HSM), স্বাস্থ্য অধিদপ্তর ও যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। ২ নভেম্বর জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস-এর মূল অনুষ্ঠান ওসমানী স্মৃতিমিলনায়তনে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। মূল অনুষ্ঠানে স্কাউটস্ উপস্থিতির জন্য সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস্-কে দায়িত্ব প্রদান করা হয়। অনুষ্ঠান উপস্থাপনা ও কোরআন তেলাওয়াতের বিষয়ে নির্দিষ্ট উপস্থাপক ও মওলানা নির্ধারণের বিষয়ে সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতিকে দায়িত্ব প্রদান করা হয়। সভায় ওসমানী স্মৃতিমিলনায়তনে অনুষ্ঠান আয়োজন সম্ভব না হলে অন্য ভেন্যু নির্ধারণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্তসচিব (হাসপাতাল),স্বাস্থ্য সেবা বিভাগ ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। ৩। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ৪। যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ ৫। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৫। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৬। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ৭। সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস্

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০২	লিফলেট/ ষ্টীকার/ পোষ্টার ছাপানো ও বিতরণ;	স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান বিষয়ক স্লোগান ও ছবি সম্বলিত ষ্টীকার/পোষ্টার ছাপানো ও বিতরণের বিষয়ে আলোচনা হয়। প্রয়োজনীয় ডিজাইন সন্ধানী কর্তৃক সরবরাহ করা হবে। দেশের ৬৪টি জেলার জেলা প্রশাসক বরাবর ন্যুনতম ১ সপ্তাহ পূর্বে প্রয়োজনীয় সংখ্যক পোষ্টার প্রচারের জন্য প্রেরণ করতে হবে।	লিফলেট/স্টীকার/পোস্টার ছাপানোর জন্য প্রধান প্রকৌশলী স্বাস্থ্য শিক্ষা ব্যুরো-কে দায়িত্ব দেয়া হয়। সভায় উত্থাপিত পোস্টারের ডিজাইনে কিছু পরিবর্তনের সুপারিশ করা হয়। মূল দিবসের ন্যুনতম ১ সপ্তাহ পূর্বে সকল জেলায় পোস্টার/লিফলেট/স্টীকার প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ২। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো।
০৩	সাংবাদিক সম্মেলন, ও Key Note paper উপস্থাপন	মূল দিবসের পূর্বের দিন অর্থাৎ ১ নভেম্বর ২০১৮ তারিখ বিকাল ৩.০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভা কক্ষে সাংবাদিক সম্মেলন আয়োজনের বিষয়ে আলোচনা হয়। সাংবাদিক সম্মেলনে Resource person এবং Key Note paper মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীর সাথে আলেচনাক্রমে নির্ধারণ করা হবে। সভাপতি Key Note paper এর পর্যাপ্ত সংখ্যক কপি সাংবাদিক দের মধ্যে বিতরণের জন্য সংরক্ষণের নির্দেশনা দেন।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভা কক্ষে ১ নভেম্বর ২০১৮ বিকাল ৩.০০ ঘটিকায় সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হবে। মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীর সাথে আলোচনাক্রমে Resource person ও Key Note paper নির্ধারণ করা হবে। সভায় Resource person হিসেবে সম্ভাব্য নিম্নোক্ত উপস্থিতির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ১. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ২.সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ৩.অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ ৪.মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। ৫.মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি। ৬.মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। Key Note paper সন্ধানী'র তত্ত্বাবধানে তৈরী করা হবে এবং তা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হতে হবে। Key Note paper এর পর্যাপ্ত সংখ্যক কপি সাংবাদিকদের মাঝে বিতরণের জন্য প্রস্তুত রাখতে হবে। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর বিষয়টি সমন্বয় করবেন।	১। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর। ২। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
০৪	শ্লোগান নির্ধারন	স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান বিষয়ে নিম্নরূপ শ্লোগান প্রাথমিকভাবে সভায় উপস্থাপন করা হয়: ১." আমার রক্তে বাঁচুক জীবন, হেসে উঠুক লক্ষ প্রাণ, আমার চোখে দেখুক বিশ্ব ভরে তার মন প্রাণ।" ২. "রক্তে রক্তে বন্ধন হোক, রক্তে লাগুক ঢেউ আমার চোখে দেখবে ধরা, নতুন করে কেউ" ৩."শুদ্ধ রক্তে স্রোতে বেঁচে থাক জীবনের স্বপ্ন আশা; আলোহীন চোখের তারায় লালিত হোক জন্মান্তরের ভালোবাসা" ৪." আমার রক্তে বাঁচুক জীবন, হেসে উঠুক লক্ষ প্রাণ আমার চোখে দেখুক বিশ্ব ভরে তার মন প্রাণ। ৫. "তোমার রক্তে বাঁচবে ভুবন, হাসবে নতুন প্রাণ	সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ১৮-১০-২০১৮ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) এর ই-মেইলে (ই-মেইল নং- jakiyasultana@gmail.com) বা তার ব্যক্তিগত মোবাইলে মেসেজের মাধ্যমে শ্লোগান প্রেরণের নির্দেশনা হয়। প্রাপ্ত শ্লোগানের মধ্য হতে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে যে কোন শ্লোগান এ বছরের জন্য নির্ধারণ করা হবে।	১। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ২। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ৩। সভায় উপস্থিত সকল সদস্য

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		তোমার চোখে দেখবে ভুবন আলোর আহবান।" **৬. তব রক্তে নব জীবন, তব চক্ষে নব দৃষ্টি, ঘুচে যাক সকল জরা, ঘুচে যাক সকল গ্লানী.** শ্লোগানসমূহ হতে কোন শ্লোগানই বিষয়ের সাথে পরিপুরক সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় ২ দিন সময় বৃদ্ধি করে অধিক সংশ্লিষ্ট ও সামঞ্জস্যপূর্ণ শ্লোগান নির্ধারণের বিষয়ে আলোচনা হয়।		
০৫	র‍্যালী অনুষ্ঠান, র‍্যালীর জন্য টি শার্ট, ক্যাপ বিতরণ, স্পন্সর নির্বাচন, ব্যানার/ প্ল্যাকার্ড প্রস্তুতকরণ	দিনের তাৎপর্য্য তুলে ধরা এবং জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি বর্ণাঢ্য র‍্যালী উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বে কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর হতে শুরু হয়ে দোয়েল চত্তরের সামনে দিয়ে ওসমানী স্মৃতি মিলনায়তনে শেষ হবে। র‍্যালীতে টি-শার্ট ও ক্যাপ বিতরণ করা হবে এবং ব্যানার প্ল্যাকার্ড বহন করা হবে। র‍্যালী শেষে অংশগ্রহনকারীদের জন্য আপ্যায়নের ব্যবস্থা রাখা হবে। এ বিষয়ে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি বলেন মহাপরিচালকের সাথে আলোচনাক্রমে খরচের বিষয়টি জানাবেন।	উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি বর্ণাঢ্য র‍্যালী সকাল ১০.৩০ টায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর হতে শুরু হয়ে দোয়েল চত্তরের সামনে দিয়ে ওসমানী স্মৃতি মিলনায়তনে শেষ হবে। (র‍্যালী শেষে আপ্যায়নের ব্যবস্থা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়)। র‍্যালী তে বিতরণের জন্য টি-শার্ট, ক্যাপ, ব্যানার, প্ল্যাকার্ড বহন বাবদ প্রয়োজনীয় অর্থের সংস্থানের বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অনুরোধের সিদ্ধান্ত হয়।	১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ৩। যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) ৪। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৫। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি।
০৬	আপ্যায়ন কমিটি	র‍্যালী শেষে অংশগ্রহনকারীদের জন্য আপ্যায়নের জন্য একটি কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয়।	র‍্যালীতে অংশগ্রহণকারীদের আপ্যায়নের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো। ১। যুগ্মসচিব(বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ ২। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। সাধারন সম্পাদক, সন্ধানী কেন্দ্রিয় পরিষদ।	১। যুগ্মসচিব(বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ ২। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। সাধারন সম্পাদক, সন্ধানী কেন্দ্রিয় পরিষদ।
০৭	প্রেস বিজ্ঞপ্তি	দেশের সকল জাতীয় দৈনিক পত্রিকায় দিবসের তাৎপর্য ও কার্যক্রম তুলে ধরে প্রেস বিজ্ঞপ্তি প্রচারের বিষয়টি আলোচনা হয়। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি, সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ এর তত্ত্বাবধানে প্রণীত হবে এবং মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে তা তথ্য মন্ত্রণালয়েপ্রেরণ করা হবে।	দেশের সকল জাতীয় দৈনিক পত্রিকায় দিবসটির তাৎপর্য ও কার্যক্রম তুলে ধরে একটি প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং সরকারী ও বেসরকারী চ্যানেল সমূহে প্রচারের নিমিত্ত মন্ত্রণালয় হতে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে	১। যুগ্মসচিব (বেরসকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ ২। প্রচার ও প্রকাশনা সম্পাদক, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৩। প্রচার ও প্রকাশনা সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
০৮	ক্রোড়পত্র মুদ্রণ	২ নভেম্বর ২০১৮ উপলক্ষ্যে বহল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজী দৈনিক পত্রিকায় পূর্ণপৃষ্ঠা ক্রোড়পত্র প্রকাশের নিমিত্ত প্রয়োজনীয় আর্থিক	একটি বাংলা ও একটি ইংরেজী দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশিত হবে। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য	১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২। প্রধান প্রকৌশলী,

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		সহযোগিতা প্রদানের জন্য মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অনুরোধের বিষয়ে আলোচনা হয়। ক্রোড়পত্রের বিষয়বস্তু মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর এর প্রতিনিধি মহাপরিচালকের সাথে আলোচনাক্রমে বিষয়টি অবহিত করবেন মর্মে জানান।	প্রকৌশল অধিদপ্তর এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।	স্বাস্থ্য প্রোকৌশল অধিদপ্তর ৩। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৪। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৫। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
০৯	স্মরনিকা	বিজ্ঞাপন সংগ্রহকরত এক হাজার স্মরনিকা প্রকাশ করার জন্য মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং স্বাস্থ্য প্রকৌশল অধিপ্তর কে অনুরোধের বিষয়ে আলোচনা হয়।	ঔষধ প্রশাসন ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আর্থিক সহযোগিতায় ছোট আকারে একটি স্মরনিকা প্রকাশের সিদ্ধান্ত হয়।	১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। ২। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
১০	বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারে বিশেষ অনুষ্ঠান প্রচার	২ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারে দিবসের তাৎপর্য তুলে ধরে প্রতিবছরের ন্যায় এবারও বিশেষ অনুষ্ঠান প্রচারের লক্ষ্যে মন্ত্রণালয় হতে বিটিভি ও বাংলাদেশ বেতারে পত্র প্রদানের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে বাংলাদেশ টেলিভিশনের সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে ও অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন।	২ নভেম্বর ২০১৮ এর তাৎপর্য তুলে ধরে বিশেষ অনুষ্ঠান প্রচারের জন্য মন্ত্রণালয় হতে তথ্য মন্ত্রণালয়কে পত্র প্রদান করা হবে। এছাড়া অনুষ্ঠান প্রচারের বিষয়ে সার্বক্ষনিক যোগাযোগের জন্য মহাসচিব, সন্ধানী চক্ষুদান সমিতিকে দায়িত্ব প্রদান করা হয়	১। যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ ২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন। ৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার। ৪। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৫। মহাসচিব, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি। ৬। সাধারণ সম্পাদক, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
১১	অর্থ সংস্থান	দিবস উদযাপনের নিমিত্ত প্রয়োজনীয় অর্থ সংস্থান ও ব্যয়ের হিসাব সংরক্ষণের বিষয়ে আলোচনা হয়। দিবসটি যেহেতু প্রতিবছর পালন করা হয় সেহেতু একটি নির্দিষ্ট খাতে এ অর্থ প্রাপ্তির লক্ষ্যে একটি সুনির্দিষ্ট প্রস্তাবনা অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	দিবসটির সুষ্ঠুভাবে উদ্‌যাপনের প্রয়োজনীয় অর্থ সংস্থানের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর, জাতীয় নিরাপদ রক্ত পরিসঞ্চালন কর্মসুচি (SBDP) ওপি, পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ) এবং বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটিকে আর্থিক সহযোগিতার জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত হয়। এছাড়া এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে পালনের জন্য একটি নির্দিষ্ট কোডে অর্থ বরাদ্দের লক্ষ্যে অর্থ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।	১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর। ২। যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ। ২। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ) স্বাস্থ্য অধিদপ্তর। ৩। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ।
১১	অনুষ্ঠান সমন্বয় কারী	অনুষ্ঠানটি সফলভাবে পালনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের সমন্বয়কারী হিসের দায়িত্ব পালনের বিষয়ে আলোচনা হয়	দিবসটি সফলভাবে আয়োজনের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (হাসপাতাল) সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।	১। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১২	বিবিধ	দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে স্বেচ্ছায় রক্তদান কর্মসুচির সাথে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়।	দিবসটির গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে স্বেচ্ছায় রক্তদান কর্মসুচির সাথে সংশ্লিষ্ট সংগঠন-বাঁধন, কোয়ান্টাম ফাউন্ডেশন এবং পুলিশ ব্লাড ব্যাংক-কে আগামী ২ নভেম্বর জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবসে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে কয়েকটি বুথ স্থাপন করে যাতে ঐ দিন স্বেচ্ছায় রক্ত দানের আয়োজন করা হয় সে বিষয়ে সন্ধানীকে নির্দেশনা প্রদান করা হয়।	১। সভাপতি, সন্ধানী কেন্দ্রীয় পরিষদ। ২। সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষুদান সমিতি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৮-১০-১৬

(বাবলু কুমার সাহা)
অতিরিক্ত সচিব (হাসপাতাল)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়